

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৪২

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

الفصل الاول (بَابُ فَضَائِل سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنَا أَكْثَرُ الْأَنْبِيَاءِ تَبَعًا يَوْمَ الْقِيَامَةِ وَأَنَا أَوَّلُ مَنْ يَقْرَعُ بَابَ الجنةِ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (331 / 196)، (484) ۔ (صَحِیح)

বাংলা

৫৭৪২-[৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামতের দিন নবীদের মধ্যে আমার অনুসারীদের সংখ্যা হবে সবচাইতে বেশি। আর আমিই সর্বপ্রথম জান্নাতের দরজা খুলিয়ে নেব। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৩৩১-(১৯৬), সিলসিলাতুস সহীহাহ ১৫৭০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৭৮১, আবূ ইয়া'লা ৯৩, ৩৯৫৯, শু'আবুল ঈমান ৮৬১১, সহীহ ইবনু হিব্বান ৬৪৮১, মুসনাদে আহমাদ ১৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৭৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تَابِعٌ) অর্থাৎ সর্বাধিক অনুসারী বিশিষ্ট নবী। (تَابِعٌ) শব্দটি (تَابِعٌ) এর বহুবচন। যার অর্থ অনুসারী। অনুসারীদের আধিক্য অনুসৃত ব্যক্তির শ্রেষ্ঠত্ব প্রমাণ করে। তাই এ হাদীসটিতেও রাসূল (সা.)-এর মর্যাদা ও শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়।

(أُوَّلُ مَنْ يَقْرَعُ بَابَ الجنةِ) অর্থাৎ জান্নাতে প্রবেশের জন্য সর্বপ্রথম রাসূল (সা.) কড়া নাড়বেন। তখন জান্নাতের



দরজা খোলা হবে এবং তিনিই সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবেন। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন